প্রথম আলো

তারিখ ... 11 JUN 2016 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 2 ...

চিওড়া সরকারি কলেজ

# তিন বিষয়ে শিক্ষক নেই

নিজস্ব প্রতিবেদক, কুমিল্লা ●

শিক্ষক-সংকটের কারণে কুমিল্লার চৌদ্দগ্রাম উপজেলার চিওড়া সরকারি কলেজে পাঠদান ব্যাহত হচ্ছে। নয় মাস ধরে কোনো শিক্ষক নেই জীববিজ্ঞান ও সমাজকর্ম বিভাগে। বাংলা বিভাগে শিক্ষকের তিনটি পদই ছয় মাস ধরে শূন্য।

কলেজের প্রধান সহকারী মো. জাফর আহমেদ *প্রথম আলোকে* বলেন, এখানে বর্তমানে উচ্চমাধ্যমিক ও স্নাতকে (পাস কোর্স) ৯০০ শিক্ষার্থী রয়েছেন। এ কলেজের শিক্ষকের ২৪টি পদ রয়েছে। এর মধ্যে অধ্যক্ষের পদ একটি, সহকারী অধ্যাপকের দুটি ও প্রভাষকের ২১টি। এর মধ্যে প্রভাষক ২১টি পদের ১২টি শূন্য। বাংলা বিভাগে তিনটির মধ্যে তিনটিই, হিসাববিজ্ঞান ও গণিত বিভাগে দুটি করে পদ, জীববিজ্ঞান ও সমাজকর্ম বিভাগে প্রভাষকের একটি করে পদ, ব্যবস্থাপনা শিক্ষা বিভাগে তিনটি পদের মধ্যে একটি, রাষ্ট্রবিজ্ঞান বিভাগে দুটি পদের মধ্যে একটি এবং ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগে দুটি পদের মধ্যে একটি খালি রয়েছে।